

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২.৮২২

তারিখ: ১৮ এপ্রিল ২০২৪

বিষয়: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের ৬০/৩০/৫দিন মেয়াদী প্রশিক্ষণ কোর্সসমূহে অংশগ্রহণের ক্ষেত্রে প্রদানযোগ্য সুযোগ সুবিধা সদস্যদের অবহিতকরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৬০/৩০/৫দিন মেয়াদী নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি নিম্নবর্ণিত সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন। এছাড়াও সদস্যরা সংশ্লিষ্ট আইজিএ কর্মকান্ড পরিচালনার জন্য ৮% সেবামূল্যে ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ প্রদানের সুযোগ রয়েছে।

ক্র. নং	প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	সুফলভোগী প্রশিক্ষণার্থীদের সুবিধাদি
১	টেইলরিং এন্ড ড্রেস মেকিং	৬০ দিন	৬০ দিনের জন্য প্রতিদিন ৩০০.০০ টাকা হারে সম্মানী ভাতা, দূরত্ব অনুযায়ী ৩০০০.০০ টাকা যাতায়াত ভাতা, বিনা মূল্যে থাকা-খাওয়া এবং প্রশিক্ষণ শেষে পা চালিত সেলাই মেশিন প্রদানযোগ্য হবে।
২	মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা ও সেবা	৬০ দিন	৬০ দিনের জন্য প্রতিদিন ৩০০.০০ টাকা হারে সম্মানী ভাতা, দূরত্ব অনুযায়ী ৩০০০.০০ টাকা যাতায়াত ভাতা, বিনা মূল্যে থাকা-খাওয়া এবং প্রশিক্ষণ শেষে প্রেসার মাপার যন্ত্র, ডায়াবেটিস মাপার যন্ত্র, নেবুলাইজার মেশিন, ফাস্ট এইড বক্স ইত্যাদি প্রদানযোগ্য হবে।
৩	বিউটিফিকেশন/মোবাইল সার্ভিসিং	৬০ দিন	৬০ দিনের জন্য প্রতিদিন ৩০০.০০ টাকা হারে সম্মানী ভাতা, দূরত্ব অনুযায়ী ৩০০০.০০ টাকা যাতায়াত ভাতা, বিনা মূল্যে থাকা-খাওয়া এবং প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট প্রশিক্ষণ বিষয়ক উপকরণ বিনামূল্যে প্রদান করা হবে।
৪	মোবাইল রিপেয়ারিং এন্ড সার্ভিসিং/হস্ত ও কুটির শিল্প (ব্লক বাটিক, সতরঞ্জি, ব্যাগ তৈরি, জামদানি ও অন্যান্য) এবং অন্যান্য	৩০ দিন	৩০ দিনের জন্য প্রতিদিন ৫০০.০০ টাকা হারে সম্মানী ভাতা, দূরত্ব অনুযায়ী ৩০০০.০০ টাকা যাতায়াত ভাতা এবং বিনা মূল্যে থাকা-খাওয়ার সুব্যবস্থা রয়েছে।
৫	সেলাই ও এমব্রয়ডারী	৩০ দিন	৩০ দিনের জন্য প্রতিদিন ৩০০.০০ টাকা হারে সম্মানী ভাতা, দূরত্ব অনুযায়ী ৩০০০.০০ টাকা যাতায়াত ভাতা, বিনা মূল্যে থাকা-খাওয়ার এবং প্রশিক্ষণ শেষে পা চালিত সেলাই মেশিন প্রদানযোগ্য হবে।

পাতা-১/২

৬	উদ্যোক্তা প্রশিক্ষণ	উন্নয়ন	০৫ দিন	৫ দিনের জন্য প্রতিদিন ৫০০.০০ টাকা হারে সম্মানী ভাতা, দূরত্ব অনুযায়ী ৩০০০.০০ টাকা যাতায়াত ভাতা এবং বিনা মূল্যে থাকা- খাওয়ার সুব্যবস্থা রয়েছে।
---	------------------------	---------	--------	--

২। ইত:পূর্বে ইরেসপো-১ম পর্যায় প্রকল্পের আওতায় সে সকল সদস্যদেরকে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।

  
22.08.28  
এ, এস, এম সোলায়মান  
উপপ্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৪১০১০৩৪৩


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২.৮২২

তারিখ: ১৮ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: ..... (সকল উপজেলা)।  
উল্লেখিত বিষয়ে সদস্যদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস নথি।

  
22.08.28  
শরিফুল ইসলাম  
সহকারী পরিচালক